



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম।

প্রেস বিজ্ঞপ্তি

মেয়রের সাথে সিডিএ চেয়ারম্যানের বৈঠক

উন্নয়ন কাজে

সমন্বয় করবে দুই সংস্থা

চট্টগ্রাম- ৬ নভেম্বর ২০১৮

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের সাথে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান আবদুচ ছালাম আজ মঙ্গলবার দুপুরে মেয়র দপ্তরে সাক্ষাত করতে আসেন। সাক্ষাতকালে মেয়র সিডিএ চেয়ারম্যানকে স্বাগত জানান। পরে দুই সংস্থার দুই কর্ণধার চলমান উন্নয়ন কর্মকাণ্ডের অগ্রগতি নিয়ে আলাপ আলোচনা করেন। তাদের আলাপে সাম্প্রতিক রাজনৈতিক পরিস্থিতি, বিভিন্ন রাজনৈতিক জোট ও দলের সাথে সরকারী দলের সংলাপ, নগরীর কুলগাঁও এলাকায় বাস টার্মিনাল প্রসঙ্গ উঠে আসে। মেয়র চট্টগ্রাম নগরে দুই সংস্থার চলমান উন্নয়ন কর্মকাণ্ডের সমন্বয়ের ওপর গুরুত্বারোপ করলে চউক চেয়ারম্যান এতে একমত পোষন করেন। চউক চেয়ারম্যান চসিকের কুলগাঁও টার্মিনাল নির্মাণের উদ্যোগকে স্বাগত জানিয়ে বলেন নগরীর অনেক সমস্যার মধ্যে যানজট অন্যতম। উত্তর চট্টগ্রামের বাস ট্রাকগুলো নগরে প্রবেশের কারণে যানজট প্রকট আকার ধারণ করে। তাই কুলগাঁওয়ে টার্মিনাল নির্মিত হলে শহরের যানজট অনেকাংশে কমে যাবে। এছাড়াও এলিভেটেড এক্সপ্রেসওয়ে সহ দুই সংস্থার মেগা প্রকল্প নিয়েও তারা আলোচনা করেন। চট্টগ্রাম ওয়াসা, সিডিএ ও চসিকের উন্নয়ন প্রকল্পের কারণে জনভোগান্তির বিষয়টি নিয়ে বিশেষভাবে গুরুত্বারোপ করা হয়। এতে সাময়িক জনভোগান্তি যাতে জনমনে কোন বিরূপ মনোভাব গড়ে না উঠে সে বিষয়ে দুই সংস্থার প্রকৌশলী, কর্মকর্তাদের দায়িত্বশীলতার সাথে উন্নয়ন কাজ সম্পন্ন করার তাগিদ দেন নগর উন্নয়নের দুই কর্মবীর। দুই নেতা কোন ভাবেই উন্নয়ন কাজের জন্য আসন্ন একাদশ জাতীয় নির্বাচনে নেতিবাচক প্রভাব পড়বেনা বলে আশাবাদ ব্যক্ত করেন। তারা সাময়িক ভোগান্তি দীর্ঘমেয়াদে সুফল বয়ে আনে বলে মন্তব্য করেন। এজন্য নাগরিকদের একটু ধৈর্য্য ও সহনশীল হবার পরামর্শ দেন।

চসিকের মোবাইল কোর্ট পলিচালিত

চট্টগ্রাম- ৬ নভেম্বর ২০১৮

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার এবং স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা চেরদৌস এর নেতৃত্বে আজ মঙ্গলবার সকালে মহানগর এলাকায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানকালে নগরীর নুর আহমদ সড়ক, কাজীরদেউরী রোড হয়ে আলমাস পর্যন্ত রাস্তার উভয় পাশের বিভিন্ন প্রতিষ্ঠানের মোট ২৭ টি ইংরেজী সাইনবোর্ড কালো রং দিয়ে মুছে দেয়া হয় এবং আগামী ৩ দিনের মধ্যে ইংরেজীর পাশাপাশি বাংলা সহ সাইনবোর্ড স্থাপনের জন্য নির্দেশনা প্রদান করা হয়। এই অভিযান অব্যাহত থাকবে।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা, কর্মচারী ও মেট্রো পলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

সংবাদদাতা

রফিকুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন